**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 13-12-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আগামীকাল হাঁপানিয়াস্থিত আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে ১৩ দিন ব্যাপী সরস মেলার উদ্বোধন করবেন ।**

**২) শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা বলেছেন রাজ্যের অর্থনৈতিক বিকাশে চা শিল্পের উন্নয়ন ও প্রসারে সরকার অগ্রাধিকার দিয়েছে ।**

**৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে ২০২৫ সালের মহাকুম্ভ হবে এমন একতা ও সাম্যের মহাযজ্ঞ যা জাতিকে পথ দেখাবে এবং এটি সারা বিশ্বে আলোচিত হবে ।**

**৪) পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী আজ আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে আগামীকাল অনুষ্ঠেয় ত্রিপুরা ট্যুরিজম প্রমো ফেস্টের সমাপ্তি অনুষ্ঠানের প্রস্তুতি খতিয়ে দেখেন ।**

*****************************************

**Saras Fair :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আগামীকাল হাঁপানিয়াস্থিত আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে গ্রামোন্নয়ন দপ্তরের অধীনে ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশন আয়োজিত ১৩দিন ব্যাপী সরস মেলার উদ্বোধন করবেন। অন্যান্যদের মধ্যে উপস্থিত থাকবেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, বিধায়িকা মীনা রানী সরকার, গ্রামোন্নয়ন দপ্তরের সচিব সন্দীপ আর রাঠোর, পশ্চিম ত্রিপুরার

জেলাশাসক তথা সমাহর্তা ডাঃ বিশাল কুমার প্রমুখ। মেলা চলবে ২৬শে ডিসেম্বর পর্যন্ত। মেলায় সাংস্কৃতিক অনুষ্ঠান সহ পুতুল নাচের আয়োজন করা হয়েছে।

******************************

**Industry Commerce Minister :**

শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা বলেছেন রাজ্যের অর্থনৈতিক বিকাশে চা শিল্পের উন্নয়ন ও প্রসারে সরকার অগ্রাধিকার দিয়েছে। সরকারের বিভিন্ন পদক্ষেপের ফলে বর্তমানে রাজ্যে চা শিল্পে এক নতুন দিশা দেখা দিয়েছে। আজ আগরতলায় প্রস্তাবিত টি ই-অকশন সেন্টার নিয়ে অংশীদারদের সঙ্গে এক মতবিনিময় অনুষ্ঠানে তিনি একথা বলেন।

মতবিনিময় অনুষ্ঠানে রাজ্য ও বহিরাজ্যের চা বাগানের প্রতিনিধি, টি অকশনার ও বিডারগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্য দপ্তরের অধিকর্তা বিশ্বশ্রী বি বলেন, রাজ্যে ছোট বড় মিলিয়ে ৫৪টি চা বাগান রয়েছে। রাজ্যে চা শিল্পের বিকাশে আগামীদিনে যেকোন ধরণের উদ্ভাবনী পদক্ষেপকে সরকার সহায়তা করবে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ত্রিপুরা চা উন্নয়ন নিগম লিমিটেডের চেয়ারম্যান সমীররঞ্জন ঘোষ।

******************************

**Bankers Meeting :**

কৈলাসহরে সার্কিট হাউসে আজ এক বৈঠকে ব্যাঙ্কগুলির মাধ্যমে আর্থিক সমৃদ্ধি বিষয়ে পর্যালোচনা করা হয়। বৈঠকে ঊনকোটি জেলার বিভিন্ন ব্যাঙ্ক শাখার প্রবন্ধকগণ, নাবার্ড, শিল্প-বাণিজ্য ও ত্রিপুরা গ্রামীণ আ-জীবিকা মিশনের কর্মকর্তারা এতে অংশ নেন। উপস্থিত ছিলেন, ঊনকোটি জিলা পরিষদের সহকারী সভাধিপতি সন্তোষ ধর, জেলা শাসক দিলীপ কুমার চাকমা। লিড ডিস্ট্রিক্ট ম্যানেজার মদন মোহন চাকমা জানান, প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা যোজনায় ১ লক্ষ ১ হাজার ৬৯ জন, প্রধানমন্ত্রী জীবনজ্যেতি

বীমা যোজনায় ২৯ হাজার ৬১০ জন ও অটল পেনশন যোজনা আওতায় ১৫ হাজার ৩৪৮ জন এসেছেন। তিনি জানান, জেলাতে জমা ও ঋণদানের আনুপাতিক হার ৬৯ শতাংশ। ব্যাঙ্কগুলির মাধ্যমে আর্থিক সাক্ষরতা বিষয়ে প্রচারাভিযান চালানো হচ্ছে।

****************************

**Sepahijala District Police :**

সড়ক দুর্ঘটনা ও সাইবার অপরাধ প্রশমনের উদ্দেশ্যে আজ সিপাহীজলা জেলা পুলিশের উদ্যোগে সচেতনতামূলক রেলি, আলোচনা সভা ও পুলিশ এবং সাংবাদিকদের মধ্যে এক প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয়। প্রয়াস কর্মসূচির অঙ্গ হিসেবে বিশালগড়ের স্কুল ছাত্রছাত্রীদের নিয়ে অনুষ্ঠিত হয় রেলি। যে সমস্ত দ্বিচক্র যান চালকরা হেলমেটহীন অবস্থায় ছিলেন তাদের জেলা ট্রাফিক দপ্তরের পক্ষ থেকে হেলমেট প্রদান করা হয়। বিশালগড় টাউন হলে অনুষ্ঠিত হয় সাইবার অপরাধ ও সড়ক নিরাপত্তা বিষয়ে সচেতনতামূলক আলোচনা। বিকেলে সিপাহীজলা অভয়ারণ্যের ফরেস্ট ট্রেনিং সেন্টারের মাঠে অনুষ্ঠিত হয় সিপাহীজলা জেলার কর্মরত সাংবাদিক ও জেলা পুলিশের মধ্যে প্রীতি ক্রিকেট ম্যাচ। কর্মসূচিগুলিতে উপস্থিত ছিলেন সিপাহীজলা জেলার জেলাশাসক সিদ্ধার্থ শিব জয়সওয়াল, পুলিশ সুপার বি.জে রেড্ডি, অতিরিক্ত পুলিশ সুপার রাজীব সূত্রধর, বিশালগড় প্রেস ক্লাবের সম্পাদক তাজুল ইসলাম, সোনামুড়া প্রেস ক্লাবের সম্পাদক অভিজিৎ বর্ধন প্রমুখ।

******************************

**Seminar :**

ভোক্তা অধিকার ও নাগরিক সুরক্ষা আইন নিয়ে একদিনের রাজ্য স্তরীয় সেমিনার আজ মোহনপুর স্বামী বিবেকানন্দ মহাবিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ত্রিপুরা উচ্চ

আদালতের বিচারপতি অরিন্দম লোধ। তিনি এই সেমিনারে ভোক্তা অধিকার ও নাগরিক সুরক্ষা আইন নিয়ে বক্তব্য রাখেন।

*****************************

**Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদের আরো আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**PM, Mahakumbh :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে ২০২৫ সালের মহাকুম্ভ হবে এমন একতা ও সাম্যের মহাযজ্ঞ যা জাতিকে পথ দেখাবে এবং এটি সারা বিশ্বে আলোচিত হবে। তিনি আজ প্রয়াগরাজের সঙ্গম এলাকায় আনুষ্ঠানিকভাবে মহাকুম্ভ-২০২৫ এর উদ্বোধন করার পর একটি জনসমাবেশে বক্তব্য রাখছিলেন।

##########Byte#########

উল্লেখ্য, এই মহাকুম্ভ আগামী বছরের ১৩ই জানুয়ারি থেকে শুরু হবে এবং ২৬ ফেব্রুয়ারি পর্যন্ত চলবে। প্রধানমন্ত্রী আজ এই উপলক্ষে, তিনি প্রায় ৬,৬৭০ কোটি টাকার উন্নয়ন প্রকল্পের উদ্বোধন করেন। এর মধ্যে রয়েছে প্রয়াগরাজের পরিকাঠামো বৃদ্ধি এবং বিরামহীন সংযোগ প্রদানের জন্য বিভিন্ন রেল ও সড়ক প্রকল্প। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন যে মহাকুম্ভের সময়

প্রয়াগরাজের পবিত্র ভূমিতে একটি নতুন ইতিহাস তৈরি হবে যা একটি বিরল ঘটনা যা সমষ্টির শক্তির প্রতীক এবং বর্ণ বা শ্রেণির উপর ভিত্তি করে প্রতিটি ধরণের বৈষম্যের অবসান ঘটাবে। প্রধানমন্ত্রী এই অনুষ্ঠানে প্রধান মন্দির করিডোরের উদ্বোধন করেন যার মধ্যে রয়েছে ভরদ্বাজ আশ্রম করিডোর, শ্রিংভারপুর ধাম করিডোর, অক্ষয়বট করিডোর, হনুমান মন্দির করিডোর। তিনি বলেন, তার সরকার সংস্কৃতি ও ঐতিহ্যকে সমৃদ্ধ করার লক্ষ্যে কাজ করে যাচ্ছে। প্রধানমন্ত্রী আজ  কুম্ভ 'সহ্ এটাই ইয়াক' চ্যাটবট চালু করেন যা ২০২৫ সালের মহাকুম্ভ মেলায় ভক্তদের বিভিন্ন বিষয়ে বিশদ নির্দেশিকা এবং আপডেট দেবে। প্রধানমন্ত্রী বলেন এই কুম্ভমেলা প্রযুক্তি এবং কৃত্রিম বুদ্ধিমত্তার সঙ্গমের জন্য স্মরণীয় হয়ে থাকবে।

এর আগে, প্রধানমন্ত্রী আজ প্রয়াগরাজ পৌঁছে সঙ্গম, অক্ষয় বট, হনুমান মন্দির এবং সরস্বতী কূপে পূজা ও দর্শন করেন।

***************************

**PM Matru Vandana :**

কেন্দ্র জানিয়েছে যে ২০১৭ সালে প্রকল্পের সূচনাকাল থেকে এপর্যন্ত প্রধানমন্ত্রী মাতৃ বন্দনা যোজনার তিন কোটি ৬৪ লক্ষ সুবিধাভোগীদের মধ্যে ১৮হাজার ৮৫৪ কোটি টাকা বিতরণ করা হয়েছে। আজ লোকসভায় এক প্রশ্নের উত্তরে মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রী অন্নপূর্ণা দেবী একথা জানিয়ে বলেন যে সরকার এই প্রকল্পের অধীনে সুবিধাভোগীদের কাগজবিহীন নিবন্ধনের জন্য বেশ কয়েকটি উদ্যোগ গ্রহণ করেছে। তিনি আরও বলেন যে ঝামেলামুক্ত নিবন্ধনের জন্য অঙ্গনওয়াড়ি এবং আশা কর্মীদের কাছে উপলব্ধ সুবিধা সহ একটি মোবাইল অ্যাপ্লিকেশন চালু করা হয়েছে। তিনি বলেন সুবিধাভোগীদের সরাসরি হস্তান্তরের মাধ্যমে সহায়তা প্রদান করা হচ্ছে এবং প্রাতিষ্ঠানিক প্রসবের জন্য গর্ভবতী মহিলাদের ছ'হাজার টাকা দেওয়া হচ্ছে।

*****************************

**PM-CS Conference :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল ও রবিবার নয়াদিল্লিতে অনুষ্ঠেয় মুখ্যসচিবদের চতুর্থ জাতীয় সম্মেলনে পৌরহিত্য করবেন। কেন্দ্র ও রাজ্যগুলির মধ্যে অংশীদারীত্বকে আরোও জোরদার করার লক্ষ্যে এই সম্মেলন হবে একটি অন্যতম প্রধান পদক্ষেপ।

****************************

**Animal Health Camp :**

গবাদি পশুর স্বাস্থ্য এবং উৎপাদনশীলতা বাড়ানোর প্রয়াসে দক্ষিন জেলা কৃষি বিজ্ঞান কেন্দ্রের উদ্যোগে আজ ঋষ্যমুখে একটি পশু রোগ সচেতনতা ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। কৃষি বিজ্ঞান কেন্দ্রের প্রাণী বিজ্ঞান বিশেষজ্ঞ ড. ধ্রুবজ্যোতি দাস, গবাদি পশুর স্বাস্থ্য সুরক্ষা এবং পশু উৎপাদন ও উৎপাদনশীলতা বাড়াতে নিয়মিত কৃমিনাশক ও সময়োপযোগী টিকাদানের ওপর জোর দেন। প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের পশু চিকিৎসক ডাঃ কল্লোল দাসও পশু পালকদের সঙ্গে মতবিনিময় করেন। স্বাস্থ্য শিবিরে দক্ষিণ জেলা কৃষি বিজ্ঞান কেন্দ্রের প্রধান বরিষ্ঠ বিজ্ঞানী ডক্টর বি. কে. নন্দা, ঋষ্যমুখ ব্লকের অতিরিক্ত বিডিও মিঠু দাশগুপ্ত প্রমুখ উপস্থিত ছিলেন। স্বাস্থ্য শিবিরে ৮২ পরিবারের ২২৫টি গবাদি পশুকে চিকিৎসা পরিষেবা প্রদান করা হয়।

**************************

**TECC-HB Road :**

ত্রিপুরা কর্মচারী সমন্বয় কমিটি এইচ বি রোড কর্মচারীদের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন দাবিতে আগামী ২২শে ডিসেম্বর থেকে ৩১শে ডিসেম্বর পর্যন্ত সারা রাজ্যে আন্দোলন কর্মসূচি গ্রহণ করেছে। সংগঠনের সাধারণ সম্পাদিকা মহুয়া রায় আজ আগরতলায় সাংবাদিক সম্মেলনে একথা জানান। তিনি জানান, ওই সময়ের

মধ্যে মুখ্যমন্ত্রী, মুখ্যসচিব জেলাশাসকদের কাছে ডেপুটেশন প্রদান করা হবে। উল্লেখযোগ্য দাবিগুলির মধ্যে রয়েছে আউটসোর্সিং-এর মাধ্যমে চুক্তিবদ্ধ দৈনিক হাজিরা কর্মী নিয়োগ বন্ধ করা, বিভিন্ন দপ্তরের শূন্য পদ পূরণ, বছরে দুইবার ডিএ প্রদান এবং সপ্তম বেতন কমিশনের সুপারিশ যথাযথভাবে কার্যকর করা।

*****************************

**DYFI, TYF :**

ডি ওয়াই এফ আই ও টি ওয়াই এফের সদর বিভাগীয় কমিটির উদ্যোগে আজ কর্মসংস্থান, আইনশৃঙ্খলা বজায় রাখা ও নেশা প্রতিরোধ, এই তিনদফা দাবিতে আগরতলার দুর্গা চৌমুহনী থেকে আশ্রম চৌমুহনী পর্যন্ত পদযাত্রা সংগঠিত হয়। জানানো হয়, একই দাবিতে তাদের উদ্যোগে আগামী পাঁচুই জানুয়ারি পর্যন্ত সারা রাজ্যে পদযাত্রা সংঘটিত করা হবে। ডি ওয়াই এফ আই রাজ্য সভাপতি পলাশ ভৌমিক, সম্পাদক নবারুণ দেব সহ দুটি সংগঠনের নেতৃবৃন্দ ও কর্মী সমর্থকরা আজকের পদযাত্রায় উপস্থিত ছিলেন।

***************************

**Promo Fest :**

ত্রিপুরা ট্যুরিজম প্রমো ফেস্টের আগামীকাল শেষ দিন। সমাপ্তি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে। অনুষ্ঠানে প্রখ্যাত সঙ্গীত শিল্পী শ্রেয়া ঘোষাল অংশ নেবেন। তিনি আজ সন্ধ্যায় আগরতলায় এসে পৌঁছেছেন। এদিকে, পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী আজ স্বামী বিবেকানন্দ ময়দানে প্রোমো ফেস্টের সমাপ্তি অনুষ্ঠানের শেষ মুহূর্তের প্রস্তুতি খতিয়ে দেখেন। তাঁর সঙ্গে ছিলেন পর্যটন দপ্তরের অধিকর্তা প্রশান্ত বাদল নেগী সহ অন্যান্য আধিকারিকরা।

**************************

**Weather :**

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে ঘন কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ১৮ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ দশমিক পাঁচ ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলার দু এক জায়গায় অতি ঘন কুয়াশা পড়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

****************************